পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

দুমকি, পটুয়াখালী-৮৬০২
ফোন: ০২৪৭-৮৮৮৩৪৭১, ইমেইল: registrar@pstu.ac.bd

তারিখ: ০৬/১২/২০২৪

ACAS চূড়ান্ত ভর্তি সম্পন্ন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে **ACAS** গুচ্ছের অধীনে যে সকল ছাত্রছাত্রীরা চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত হয়েছে তাদেরকে **আগামী ০৯/১২/২০২৪ থেকে ১২/১২/২০২৪ তারিখ এর মধ্যে (স্ব-স্ব ডীন অফিস, দুমকি, পটুয়াখালী) সশরীরে উপস্থিত হয়ে** ভর্তি ফরম ও অন্যান্য ফরম সংগ্রহ করে ভর্তি ফরম পূরন পূর্বক নিজ নিজ অনুষদে **প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা প্রদান পূর্বক চূড়ান্ত ভর্তি নিশ্চিত করতে হবে ।**

ক. চূড়ান্ত ভর্তি সংক্রান্ত সময়সূচী:

ক্র.নং	তারিখ	বিষয়বস্তু
১.	০৭/১২/২০২৪ খ্রিঃ (সন্ধ্যা ৬.০০ টা) হতে ০৯/১২/২০২৪ খ্রিঃ (দুপুর ১২.০০ টা) পর্যন্ত	**Admission Guideline অনুযায়ী অনলাইন ভর্তি ফরম পুরন (admission.pstu.ac.bd) পূর্বক অনলাইনে অবশিষ্ট ভর্তি ফিস প্রদান, স্লিপ গ্রহন এবং প্রিন্ট কপি সংগ্রহ ।**
২.	০৯/১২/২০২৪ খ্রিঃ (দুপুর ১২.০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত) ১০/১২/২০২৪ খ্রিঃ হইতে ১২/১২/২০২৪ খ্রিঃ (সকার ১০.০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত)	স্বশরীরে (স্ব-স্ব ডীন অফিস, দুমকি, পটুয়াখালী) উপস্থিত হয়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি স্বাক্ষর, জমা প্রদান ও চূড়ান্ত ভর্তি নিশ্চিতকরণ (অডিটোরিয়মে-হিসাব বিভাগ, হল অফিস, প্রক্টর অফিস, প্রভোস্ট অফিস, ছাত্র উপদেষ্টা অফিস, মেডিকেল অফিসার এর স্বাক্ষর নিতে হবে) **(কোটার ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ভার্চুয়াল ক্লাস রুম,সিএসই ভবন ৪র্থ তলায় এসে কোটা সংক্রান্ত প্রমানাদি নিশ্চিত করতে হবে)**

খ. ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী:

১. যে সকল ছাত্রছাত্রীরা পূর্বে প্রাথমিক ভর্তির সময় **ACAS** System-এ ১০০০০/-(দশ হাজার) টাকা প্রদান পূর্বক চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত হয়েছে তাদের চূড়ান্ত ভর্তির জন্য প্রয়োজনীয় তথ্যাবলী ও ভর্তির নিম্নলিখিত অবশিষ্ট ফি **অনুষদ অনুযায়ী** বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট (https://admission.pstu.ac.bd) ব্রাউজের মাধ্যমে দাখিল করতঃ চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে হবে । **ভর্তির সময়ে ACAS প্রবেশপত্র, ১০,০০০.০০ টাকা জমাদান স্লীপ, এসএসসি পাশের মূল সনদ ও এইচএসসি পাশের মূল সনদ/ প্রশংসাপত্র, এসএসসি ও এইচএসসি পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং সদ্য তোলা ৪ কপি স্ট্যাম্প ও ৪ কপি পাসপোর্ট সাইজ ছবি প্রদান করতে হবে।**

অনুষদ	ডিগ্রী	ফিস সমূহ								
		ভর্তি ফিস	হল ফিস	ফিল্ড ভিজিট/ট্যুর (ডীন অফিস)	বিদেশ ট্যুর (ডীন অফিস)	মোট ফিস	প্রাথমিক জমাকৃত (টাকা) ACAS System	চূড়ান্ত ভর্তির জন্য প্রদেয় টাকার পরিমান	অনলাইন চার্জ	মোট টাকা জমা প্রদান
কৃষি	বি.এসসি. ইন এগ্রিকালচার (অনার্স)	৬৮৮০	৩১২০	৬৫০০	-	১৬৫০০	১০০০০	৬৫০০	৯৯	৬৫৯৯
মাৎস্য বিজ্ঞান	বি.এসসি. ইন ফিশারিজ (অনার্স)	৬৮৮০	৩১২০	৬৫০০	-	১৬৫০০	১০০০০	৬৫০০	৯৯	৬৫৯৯
এ্যানিমেল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন	ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম)	৬৮৮০	৩১২০	৬৫০০	১০০০০	২৬৫০০	১০০০০	১৬৫০০	২৫১	১৬৭৫১
	বি.এসসি. ইন এ্যানিমেল হাজবেন্ড্রি (অনার্স)	৬৮৮০	৩১২০	৬৫০০	১০০০০	২৬৫০০	১০০০০	১৬৫০০	২৫১	১৬৭৫১

২. যারা যে কোটায় ভর্তির জন্য নির্বাচিত হবে তাদের অবশ্যই মূল মুক্তিযোদ্ধা সনদ/উপজাতি সনদ/প্রতিবন্ধী/পোষ্য-সন্তান/হরিজন-দলিত সনদ/ প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সনদ দেখাতে হবে এবং তার ফটোকপি প্রদান করতে হবে।
[বিঃ দ্রঃ ক. মুক্তিযোদ্ধা নাতি/নাতনি দের উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার অমুক পুত্র/কন্যার সন্তান অমুক মর্মে সনদ;
খ. উপজাতি কোটার প্রার্থীকে জেলা প্রশাসকের সনদ;
গ. প্রতিবন্ধী প্রার্থীকে উপজেলা সমাজকল্যান কর্মকর্তার সনদ;
ঘ. হরিজন-দলিত প্রার্থীদের উপজেলা নির্বাহী কর্মকর্তার (অফিসিয়াল প্যাডে) সনদ প্রদান করতে হবে।
ঙ. প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সনদ দেখাতে হবে এবং তার ফটোকপি প্রদান করতে হবে।উল্লেখ্য সংশ্লিষ্ট সনদ অবশ্যই https://wewb.gov.bd/ এই ওয়েবসাইটে আপলোড করা থাকতে হবে ।
চ. পোষ্য কোটার জন্য বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার মহোদয় এর নিকট হতে প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে ।
(নমুনা কপি ওয়েবসাইটে (https://admission.pstu.ac.bd) পাওয়া যাবে)।
৩. সকল ছাত্রছাত্রীকেই হল এটাচ্মেন্ট গ্রহণ করতে হবে। প্রাপ্যতা সাপেক্ষে মেধানুসারে ছাত্রছাত্রীদেরকে হলে সিট বরাদ্দ করা হবে।
৪. প্রতি সেমিস্টারের কোর্স ফি ও এনরোলমেন্ট ফি প্রদান পূর্বক এনরোল করতে হবে।
৫. প্রার্থী কোনরূপ ভুল বা অসঙ্গতিপূর্ণ তথ্য প্রদান করলে ভর্তি প্রক্রিয়ার যে কোন পর্যায়ে অথবা পরবর্তীতে তার ভর্তি বাতিল হবে।
৬. প্রকাশিত নিয়মনীতি বা পরিক্রমার বিরুদ্ধে কোন আপিল গ্রহণযোগ্য হবে না।
৭. ভর্তি সংক্রান্ত নীতিমালায় যে কোন পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বিয়োজনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
৮. ভর্তি সংক্রান্ত যাবতীয় আপডেট তথ্য বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে (https://admission.pstu.ac.bd) পাওয়া যাবে।

গ. টেকনিক্যাল সহযোগিতার জন্য হেল্পলাইনঃ ০১৯২৭০৪৬৩৯৪, ০১৫৫৮৯১০৭৪১ (মোঃ মাহমুদুল হাসান ফয়সাল, কম্পিউটার প্রোগ্রামার, পবিপ্রবি)
০১৫৫৬৪৪৯৮৭৩ (মো: মাহবুবুর রহমান, সহকারী অধ্যাপক, সিএসআইটি বিভাগ ও সদস্য সচিব, টেকনিক্যাল উপকমিটি)

Admission Guideline

১. নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করে যে সকল ছাত্রছাত্রীরা পূর্বে প্রাথমিক ভর্তির সময় ACAS System-এ ১০০০০/-(দশ হাজার) টাকা প্রদান পূর্বক চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত হয়েছে তাদের চূড়ান্ত ভর্তির জন্য প্রয়োজনীয় তথ্যাবলী ও ভর্তির অবশিষ্ট ফি বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট (https://admission.pstu.ac.bd) ব্রাউজের মাধ্যমে দাখিল করতঃ চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে হবে:

i. অনলাইনে চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া শুরু করার পূর্বে নির্বাচিত শিক্ষার্থীকে **Admission Guideline** ভালভাবে পড়ে নির্দেশনা মোতাবেক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
ii. আবেদনের শুরুতে Admission Home>>Apply Now লিংকে ক্লিক করে ACAS Roll এবং HSC/ Equivalent Roll সঠিকভাবে দিয়ে Next to Apply বাটনে ক্লিক করতে হবে।
iii. ACAS আবেদনের সময় প্রদত্ত মোবাইল নম্বরটি প্রদর্শিত হবে এবং উক্ত নম্বরটি ভেরিফাই করার জন্য SEND OTP বাটনে ক্লিক করতে হবে। অতঃপর উক্ত মোবাইল নম্বরে একটি ৬ সংখ্যার OTP (উদাহরণ: Your OTP is 123456) পাঠানো হবে। গ্রহনকৃত ৬ সংখ্যার OTP নির্ধারিত Enter OTP তে প্রদান করে VERIFY বাটনে ক্লিক করলে মোবাইল নম্বরে একটি ইউজারনেম ও পাসওয়ার্ড পাঠানো হবে (উদাহরণ: Your PSTU Admission Username: PSTU123456 and Password: 9WXYZ8) ।
iv. Login অপশন হতে মোবাইল নম্বরে প্রদানকৃত Username এবং Password সঠিকভাবে দিয়ে Login করতে হবে। এক্ষেত্রে Password ভুলে গেলে Forgot Password অপশন এর মাধ্যমে Recover করা যাবে।
v. এই পেইজের শুরুতে নির্বাচিত শিক্ষার্থীর ছবিসহ SSC এবং HSC লেভেলের তথ্য প্রদর্শিত হবে ।
   a. প্রথম অংশে নির্বাচিত শিক্ষার্থীর প্রাথমিক তথ্যাবলী, Applicant Information (ACAS Admission Test Summary, Selected Subject ও Admission Status) এবং HSC and SSC/Equivalent Exam Info প্রদর্শিত হবে।
   b. দ্বিতীয় অংশে Update Information and Payment বাটনে ক্লিক করে পরবর্তী পেইজে যেতে হবে।
vi. এই পেইজে ভর্তি ফরম সংক্রান্ত সকল তথ্য, Additional Info সঠিক ভাবে প্রদান পূর্বক Save and Next ক্লিক করে Save করে নিতে হবে। তথ্য সঠিক ভাবে Save হলে পরবর্তী Payment পেইজে Redirect হয়ে পেমেন্ট অ্যামাউন্ট সহ Pay Now বাটন প্রদর্শিত হবে। উল্লেখ্য, যদি কোনও তথ্য সংশোধনের প্রয়োজন হয় তবে Preview your information here মেন্যু হতে প্রয়োজনীয় সংশোধন তথ্য করা যাবে।
vii. Pay Now বাটনে ক্লিক করে CARDS (Visa/Master/DBBL Nexus/Qcash), MOBILE BANKING (Bkash/ Nagod/ Mcash/ Mycash/ Tap/ Ok Wallet/ Dmoney/Rocket/Celfin) অথবা NET BANKING এর মাধ্যমে অবশিষ্ট ভর্তি ফি প্রদান করতে হবে।
viii. সবশেষে আবেদনকারীকে Download Slip বাটনে ক্লিক করে Acknowledgement Slip কপি ডাউনলোড ও Print করে বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত পরবর্তী প্রক্রিয়ার জন্য সংরক্ষণ করতে হবে।
ix. বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখ অনুযায়ী প্রয়োজনীয় কাগজ-পত্র সহ সশরীরে উপস্থিত হয়ে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে ।
x. অনলাইনে চূড়ান্ত ভর্তি প্রক্রিয়ার সময় যেকোনো সমস্যা Complain Box এ অথবা হেল্প লাইনে যোগাযোগ করতে হবে।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মো. মামুন অর রশিদ)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ও সদস্য-সচিব
ভর্তি কমিটি ২০২৩-২০২৪, পবিপ্রবি